

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪১৪

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ সিয়াম পালনকারী ব্যক্তির মুখের ঘ্রাণ আল্লাহর নিকট কিয়ামতের দিন মিসকের চেয়ে বেশি সুঘ্রাণময় হবে মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ فَمَ الصَّائِمِ يَكُونُ أَطْيَبَ عِنْدَ اللَّهِ مِنْ رِيحِ الْمِسْكِ يَوْمَ الْقِيَامَةِ

আরবী

3414 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ تَسْنِيمٍ كُوفِيُّ ثَبْتُ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ الْبُرْسَانِيُّ حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي عَطَاءً عَنْ أَبِي صَالِحٍ لَبْتُ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ الْبُرْسَانِيُّ حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي عَطَاءً عَنْ أَبِي صَالِحٍ الزَّيَّاتِ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَالَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَالَ اللَّهُ عَالَى اللَّهُ عَمَلِ ابْنِ آدَمَ لَهُ إِلَّا الصَيِّيَامَ فَهُو لِي وَأَنَا أَجْزِي بِهِ وَالَّذِي نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهِ لَخُلُوفُ فَمِ الصَّائِمِ أَطْيَبُ عِنْدَ اللَّهِ يَوْمَ الْقِيَامَةِ مِنْ رِيحِ الْمِسْكِ لِلصَّائِمِ فَرْحَتَانِ: إِذَا لَقَى الله فرح بصومه)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3414 ا خلاصة حكم المحدث: صحيح: م. قَالَ أَبُو حَاتِمٍ: شِعَارُ الْمُؤْمِنِينَ فِي الْقِيَامَةِ التَّحْجِيلُ بِوُضُوبِهِمْ فِي الدُّنْيَا فَرَقًا بَيْنَهُمْ وَبَيْنَ سَائِرِ الْأُمَمِ وَشِعَارُهُمْ فِي الْقِيَامَةِ بِصَوْمِهِمْ طيبُ خُلُوفِهِمْ أَطْيَبُ مِنْ رِيحِ الْمِسْكِ لِيُعْرَفُوا بَيْنَ ذَلِكَ الْجَمْع بِذَلِكَ الْعَمَل نَسْأَلُ اللَّهَ بَرَكَةَ ذلك اليوم.

বাংলা

৩৪১৪. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আদম সন্তানের প্রতিটি আমল তার নিজের জন্য, শুধু সিয়াম ব্যতীত। সিয়াম আমার জন্য। আর আমি নিজেই সেটার প্রতিদান দিবো। ঐ সন্তার কসম, যার হাতে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রাণ, অবশ্যই সিয়াম পালনকারী ব্যক্তির মুখের ঘ্রাণ আল্লাহর নিকট মিসকের চেয়ে বেশি সুঘ্রাণময়। সিয়াম পালনকারী ব্যক্তির দুটি খুশির মুহূর্ত রয়েছে। যখন সে ইফতার করে, তখন ইফতারের মাধ্যমে খুশি হয় আর যখন সে আল্লাহর সাথে



সাক্ষাত করবে, তখন সিয়াম পালন করার জন্য খুশি হয়ে যাবে।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "কিয়ামতের দিন মুমিন ব্যক্তিদের জন্য বিশেষ চিহ্ন হবে দুনিয়াতে ওয় করার কারণে ওয়ূর অঙ্গগুলো উজ্জ্বল হবে। এটি তাদেরকে অন্যান্য সমস্ত উম্মত থেকে আলাদা করবে।

আর দুনিয়াতে তাদের সিয়াম রাখার কারণে কিয়ামতের দিন তাদের মুখের ঘ্রাণ মিসকের চেয়ে সুঘ্রাণময় হবে, যাতে তাদের সমস্ত উম্মত থেকে চেনা যায়। আমরা আল্লাহর কাছে সেই দিনের বারাকাহ প্রার্থনা করছি।"

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১১৫১; নাসাঈ: ৪/১৬২-১৬৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১৮৯৬; মুসনাদ আহমাদ: ২/২৭৩; সহীহুল বুখারী: ১৯০৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৪০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন